



তারিখ: ০২ জুলাই, ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

ইন্টারনেটের মাধ্যমে অভিবাসীদের বিএমইটি-র কাছে অভিযোগ জানানোর ওয়েবসাইট এবং 'অভিবাসন তথ্যভান্ডার' গাইডবুক উদ্বোধন

গতকাল ০১ জুলাই, ২০০৯ বেলা ৩: ৩০ টায় বিয়াম ফাউন্ডেশন-এর শহীদ নূরুল আমিন খান মেমোরিয়াল হলে ইন্টারনেটের মাধ্যমে অভিবাসীদের বিএমইটি-র কাছে অভিযোগ জানানোর ওয়েবসাইট উদ্বোধন ও রামরু কতৃক প্রকাশিত 'অভিবাসন তথ্যভান্ডার' পুস্তকের উদ্বোধন, পরিচিতিরূপণ ও বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইঞ্জিনিয়ার খন্দকার মোশারফ হোসেন, এমপি। তিনি বলেন, বাংলাদেশ একটি বিশাল মানবসম্পদের দেশ। বিশ্ব শ্রমবাজারে আমরা অংশগ্রহণ করছি প্রেরণকারী দেশ হিসেবে। অভিবাসী ভাই ও বোনেরা বিদেশে তাদের কষ্টার্জিত আয়ের সিংহভাগ দেশে পাঠিয়ে দেন বলেই, বাংলাদেশ হয়ে দাঁড়িয়েছে বিশ্বের সপ্তম রেমিটেন্স প্রাপ্তির দেশ। অভিবাসন হতে আমাদের দেশ ও জাতি লাভবান হচ্ছে। কিন্তু এই অভিবাসন প্রক্রিয়ায় আমাদের যে ভাই ও বোনেরা অংশ নিচ্ছেন তারা প্রতিনিয়ত নানান হয়রানির সম্মুখীন হচ্ছেন। এই হয়রানি ও প্রতারণা বন্ধ করতে বর্তমান সরকার বন্ধপরিকর। একারণেই ২ কোটি টাকা ব্যয় করে আমরা তৈরী করছি আধুনিক রিফ্রুটমেন্ট ডাটাবেইজ সিস্টেম। এ বছর প্রথমবারের মত দক্ষ শ্রমশক্তি তৈরীর লক্ষ্যে বাজেটে রাখা হয়েছে নিদিষ্ট বরাদ্দ। বিএমইটি'র অনলাইন অভিযোগ ওয়েবসাইট স্থাপন অভিবাসী কর্মীদের প্রতি আমার সরকারের দায়বদ্ধতারই বহিঃপ্রকাশ এবং এর মাধ্যমে আওয়ামী লীগ সরকারের নির্বাচনী অঙ্গীকার ডিজিটাল বাংলাদেশের পথে একধাপ এগিয়ে যাবে দেশ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ ব্যাংক-এর চ্যাঞ্জেঞ্জ ফান্ড ম্যানেজার মি. রবার্ট স্মিথ ও ডিএফআইডি'র সিনিয়র প্রাইভেট সেক্টর এডভাইজার মি. রিচার্ড বোল্টার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র মহাপরিচালক জনাব মাসুদ আহমেদ এবং ধন্যবাদজ্ঞাপন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব মনসুর রাজা চৌধুরী।

অনুষ্ঠানে একই সাথে রামরু কতৃক প্রকাশিত 'অভিবাসন তথ্যভান্ডার' পুস্তকের পরিচিতিরূপণ ও বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ওয়েব সাইট ও অভিবাসন তথ্য ভান্ডার বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন ও মডারেট করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের ও রামরু'র উপদেষ্টা অধ্যাপক তাসনিম সিদ্দিকী। অভিবাসন তথ্য ভান্ডার পুস্তক বিষয়ে তিনি বলেন, আমাদের সকলের পক্ষ থেকে আশা, এই বইটি অভিবাসীদের বিদেশ যাবার জটিল প্রক্রিয়াকে সহজ করে তুলবে। তাদের পরিবারকে সহায়তা করবে অভিবাসীর প্রেরিত রেমিটেন্সের আয়বৃদ্ধিমূলক খাতে ব্যবহার করতে। দেশে প্রতারণার দৌরাভ্য কমিয়ে এনে নিরাপদ অভিবাসনকে নিশ্চিত করতে সহায়ক হিসেবে কাজ করবে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, রামরু'র কারিগরী সহায়তায় বাংলাদেশ ব্যাংক-এর আরপিপি প্রকল্পের আওতায় বিএমইটি-র এই ওয়েব সাইট তৈরী হয়েছে। এখন থেকে বিদেশে আছেন বা বিদেশে যেতে চান এমন যে কেউ তার অভিযোগ www.ovijogbmet.org-এই ওয়েব সাইটে জানাতে পারবেন।

বার্তা প্রেরক

দুরন্ত বিপ্লব

সিনিয়র প্রোগ্রাম অফিসার, মিডিয়া এন্ড পলিসি এডভোকেসি, রামরু।

